অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো বাফেলোর ইস্ট সাইডের জীবনমান উন্নয়নের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলারের ইস্ট সাইড করিডোর ইকোনমিক ডেভেলপমেন্ট ফান্ড (EAST SIDE CORRIDOR ECONOMIC DEVELOPMENT FUND, ESCEDF) ঘোষণা করেন

এই ফান্ড বাণিজ্যিক করিডোরগুলোকে পুনরুজ্জীবিত করবে, স্থানীয় প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করবে এবং অবকাঠামোগত উন্নয়ন ঘটাবে

চারটি প্রধান বাণিজ্যিক করিডোরে সহায়তা বিনিয়োগ: মিশিগান, জেফারসন, ফিলমোর এবং বেইলি এভিনিউস

ইস্ট সাইড করিডোর ইকোনমিক ডেভেলপমেন্ট ফান্ড সম্পর্কিত পুস্তিকাটি পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 50 মিলিয়ন মার্কিন ডলারের ইস্ট সাইড করিডোর ইকোনমিক ডেভেলপমেন্ট ফান্ডের ঘোষণা করেন, এটি নিম্নোক্ত চারটি প্রধান বাণিজ্যিক করিডোরে বিনিয়োগের মাধ্যমে বাফেলোর ইস্ট সাইডের পুনর্জাগরণের একটি উদ্যোগ: মিশিগান, জেফারসন, ফিলমোর এবং বেইলি এভিনিউস। এই অর্থায়ন ঐতিহাসিক ভবনগুলো সংরক্ষণ, আশেপাশের সম্পদের প্রধান উন্নয়নে অর্থায়ন, বাণিজ্যিক সুযোগ-সুবিধার সম্প্রসারণ, অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি এই এলাকাগুলোর যৌথভাবে ব্যবহৃত বেসরকারি বিনিয়োগ বিকাশের মাধ্যমে ঐতিহ্যবাহী প্রধান প্রধান সড়কগুলো এবং বাণিজ্যিক করিডোরগুলো পুনঃস্থাপন করতে সাহায্য করবে। উক্ত ফান্ড আশেপাশের স্থিতিকরণ উদ্যোগের (Neighborhood Stabilization Initiative) জন্য ইস্ট সাইডের 10 মিলিয়ন মার্কিন ডলার এবং বাফেলো সেন্ট্রাল টার্মিনালের (Buffalo Central Terminal) জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার যা 2017 সাল পর্যন্ত মোট 65 মিলিয়ন মার্কিন ডলারের পূর্ববর্তী বিনিয়োগগুলোর পরিপূরক।

"বাফেলোর ইস্ট সাইডের মতো বাণিজ্যিক করিডোরগুলো জীবন ধারণ ক্ষমতা, বসবাসযোগ্যতা এবং আমাদের শহরের বৈশিষ্ট্যে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে", **গভর্নর কুওমো বলেন,** "সাম্প্রতিক বছরগুলোতে আমরা কর্মীদের প্রশিক্ষণসহ একটি নতুন বাফেলো বিনির্মাণের জন্য গুরুত্বপূর্ণ বিনিয়োগ করেছি এবং আজ সেই সম্পদগুলো স্থাপন করতে এবং সব কাজ যথাযথভাবে হচ্ছে কি না তা নিশ্চিত করতে ইস্ট সাইডে আরও 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা দিচ্ছি।"

"বাফেলোর ইস্ট সাইডে এই উল্লেখযোগ্য বিনিয়োগের মাধ্যমে, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক জুড়ে সংঘটিত অর্থনৈতিক পুনরুদ্ধারে প্রত্যেক এলাকা অংশগ্রহণ করছে তা নিশ্চিত করায় আমাদের যে প্রতিশ্রুতি তা অব্যাহত রাখছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "কয়েক দশক ধরে, আমরা দেখেছি চাকরি ও ব্যবসাগুলো বিলুপ্ত হয়ে যাচ্ছে এবং ইস্ট সাইডের বাসিন্দারা আশাহত হচ্ছেন। আমরা সরেজমিনে দেখেছি আমরা কীভাবে নর্থল্যান্ড

ওয়ার্কফোর্স ট্রেইনিং সেন্টার (Northland Workforce Training Center, NWTC) এর মতো প্রকল্পগুলোর মাধ্যমে সেই আশার পুনর্জাগরণ করছি যা ভালো বেতনের চাকরিগুলোতে নতুন সুযোগ করে দিচ্ছে। এলাকাগুলোকে শক্তিশালীকরণ, অবকাঠামোর উন্নয়ন এবং আরও সুন্দর ভবিষ্যৎ বিনির্মাণের জন্য এমনকি আরও রিসোর্স বরাদ্দ দিয়ে আমরা পরবর্তী পদক্ষেপগুলো গ্রহণ করছি।"

অর্থনৈতিক ও ভূমি ব্যবহার উপাত্তের বিশ্লেষণ, অতীতের বিনিয়োগসমূহ এবং স্টেকহোল্ডারদের গভীর সম্পৃক্ততা পর্যবেক্ষণের মাধ্যমে, ESD চারটি ইস্ট সাইডের বাণিজ্যিক করিডোরের পাশাপাশি নয়টি টার্গেট অঞ্চল শনাক্ত করার জন্য বাফেলো সিটির অফিস অব স্ট্র্যাটেজিক প্ল্যানিং (City of Buffalo's Office of Strategic Planning) এর সাথে কাজ করেছে যেখানে এই অর্থায়ন কমিউনিটির পুনর্জাগরণ ও একতাবদ্ধ করার একটি হলিস্টিক ও টেকসই পদ্ধতি তৈরি করার প্রতি গুরুত্ব দিবে।

50 মিলিয়ন মার্কিন ডলারের ইস্ট সাইড করিডোর ইকোনমিক ডেভেলপমেন্ট ফান্ড নিম্নোক্ত ক্ষেত্রে বরাদ্দ হিসেবে প্রস্তাব করা হয়েছে:

MLK পার্ক ডিস্ট্রিক্ট (6.6 মিলিয়ন মার্কিন ডলার) - পার্ক পুনঃপ্রতিষ্ঠা ও আধুনিকীকরণের পাশাপাশি কমিউনিটির প্রোগ্রামিং এর জন্য যাদুঘরের সামনের প্রাক্তন সিঁড়িঘরের পুনঃপ্রতিষ্ঠার জন্য এই ফান্ড ব্যবহৃত হবে।

ব্রডওয়ে মার্কেট (4 মিলিয়ন মার্কিন ডলার) - আঞ্চলিক খাদ্য উৎস হিসেবে আরও টেকসই, বছরব্যাপী কার্যক্রমে সহায়তা করার পাশাপাশি বাফেলো সেন্ট্রাল টার্মিনাল এবং অন্যান্য আঞ্চলিক সম্পদের সাথে আঞ্চলিক সম্পর্ক স্থাপনে সহায়তা করতে একটি গুরুত্বপূর্ণ পরিকল্পনা ও মূলধন বিনিয়োগের জন্য এই অর্থায়ন করা হবে।

নর্থল্যান্ডে কমিউনিটির সোলার অ্যারে (2 মিলিয়ন মার্কিন ডলার) - 683 নর্থল্যান্ড এভিনিউতে একটি সোলার অ্যারে নির্মাণের জন্য এই অর্থ ব্যবহৃত হবে যেটি একটি কমিউনিটি মাইক্রো গ্রিডের কার্যক্রমের অংশ হিসেবে উন্নয়নের জন্য এবং নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেইনিং সেন্টার (683 নর্থল্যান্ড এভিনিউতেই অবস্থিত) এর সাথে যৌথভাবে সৌর বিষয়ে কর্মীদের জন্য হাতে-কলমে প্রশিক্ষণ সুবিধা দিতে প্রতিযোগিতাপূর্ণভাবে অনুরোধ করা হবে।

মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোর (7 মিলিয়ন মার্কিন ডলার) - কালারড মিউজিশিয়ান্স ক্লাব (Colored Musicians Club), মিশিগান স্ট্রিট ব্যাপ্টিস্ট চার্চ (Michigan Street Baptist Church), নাশ হাউজ মিউজিয়াম (Nash House Museum) এবং WUFO ব্ল্যাক রেডিও হিস্ট্রি কালেক্টিভসহ (WUFO Black Radio History Collective) শীর্ষ প্রতিষ্ঠানগুলোতে মূলধন বৃদ্ধির পাশাপাশি একটি বিশেষ ব্যবস্থাপনা ও যৌথ কার্যক্রম পরিকল্পনার মাধ্যমে নির্ধারিত ভবিষ্যৎ ফান্ডের জন্য অর্থায়ন করবে।

ভবিষ্যৎ প্রকল্পগুলোতে অর্থায়ন (12.6 মিলিয়ন মার্কিন ডলার) যা সহায়তা করবে:

- একটি দীর্ঘ সময়ব্যাপী করিডোর এলাকার জন্য বড় মাপের অর্থায়নের জন্য বাফেলো মেইন স্ট্রিটস প্রোগ্রামের সম্প্রসারণ করে একটি **ইস্ট সাইড মেইন স্ট্রিটস গ্র্যান্ট প্রোগ্রামের**, সৃষ্টি যেটি বাহ্যিক ও অভ্যন্তরীণ ভবনের আধুনিকীকরণ করার জন্য করিডোরের ক্ষুদ্র ব্যবসা

প্রতিষ্ঠানগুলোর মূলধন বৃদ্ধিতে ব্যবহৃত হবে। এই প্রোগ্রামটি আরও নমনীয় হবে এবং অন্যান্য করিডোরের জন্য বিদ্যমান মেইন স্ট্রিটস প্রোগ্রামে বিভিন্ন ক্ষুদ্র ব্যবসাগুলো অংশগ্রহণে পূর্বে যে বাধার সম্মুখীন হয়েছিল তা দূর করবে।

- একটি **কমিউনিটি-ভিত্তিক রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট ট্রেইনিং প্রোগ্রাম** সৃষ্টি যেটি বিভিন্ন দক্ষতা এবং তাদের নিজেদের প্রপার্টির উন্নয়ন বা পুনঃপ্রতিষ্ঠা প্রকল্পে বাস্তবায়নের জন্য কার্যকারণ জানার পরিকল্পনার মাধ্যমে এবং ইস্ট সাইড করিডোরব্যাপী ভূমি ও ভবনগুলোতে কমিউনিটি চালিত পদ্ধতিতে উন্নয়ন আরও ভালোভাবে নিশ্চিত করে কমিউনিটির সদস্যদের ক্ষমতায়িত করতে পারবে। কর্মসূচিটিতে অন্তর্ভুক্ত থাকবে ভবন মালিকদের মূলধন অনুদানের জন্য অর্থায়ন করা তাদের প্রপার্টিগুলোর সংস্কার ও পুনর্ব্যবহারে কাজে লাগানোর জন্য প্রশিক্ষণ ও মেন্টরিং সম্পন্ন করেন এবং
- দীর্ঘ মেয়াদে বেসরকারি পুনর্বিনিয়োগ/পুনর্ব্যবহারের জন্য ঝুঁকিপূর্ণ ঐতিহাসিক ভবনগুলো সংরক্ষণ করতে প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ ও স্বল্পমেয়াদী স্থিতিকরণের উদ্দেশ্যে একটি **ভবন সংরক্ষণ ফান্ড** (Building Preservation Fund) গঠিত হয়। প্রকল্পের প্যারামিটারসমূহ নির্ধারণ করা হচ্ছে এবং কোনো ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণের লক্ষ্যে শক্তিশালী ইচ্ছা ও পরিকল্পনা প্রদর্শন করে সেই সকল প্রতিষ্ঠানকে তহবিল দেওয়া হবে এবং সেই সকল প্রতিষ্ঠানকে তহবিল প্রদান করা থেকে বিরত থাকা হবে যারা উদ্দেশ্যপূর্ণ "অবহেলার মাধ্যমে ধ্বংস" বা এই জাতীয় অসদুপায় যেমন কর দুর্নীতিতে অংশগ্রহণ করছে।

ডিরেক্ট প্রজেক্ট ফান্ডিং (7.4 মিলিয়ন মার্কিন ডলার) - প্রকল্পের জন্য ব্যবসা এবং স্বতন্ত্র ব্যক্তিদেরকে মূলধন প্রদান, যা কমিউনিটি চালিত ইস্ট সাইডের পুনর্জাগরণ নিশ্চিত করে। প্রস্তাবিত প্রকল্পসমূহে অন্তর্ভুক্ত আছে যৌথভাবে ব্যবহৃত ভবনগুলোতে বাণিজ্যিক স্থান বিনির্মাণ, ঐতিহাসিক অবকাঠামোর পুনঃপ্রতিষ্ঠা ও পুনর্ব্যবহার এবং ভবিষ্যৎ প্রকল্পগুলোর ফান্ডের জন্য অর্থায়ন।

অবকাঠামোতে বিনিয়োগ (10 মিলিয়ন মার্কিন ডলার) - বাফেলো শহরের রাস্তার উন্নয়নের জন্য—বিশেষ করে চারটি করিডোর ও কাঙ্খিত অঞ্চলের ব্যবহারের জন্য—অর্থায়ন করবে, যেটি ESD এর বিনিয়োগের পরিপূরক এবং যেখানে সম্ভব স্টেট/ফেডারেল পরিবহন ফান্ডে ব্যবহার করবে।

এই বিনিয়োগগুলো সম্পর্কে বিস্তারিত দেখুন ইস্ট সাইড করিডোর ইকোনমিক ডেভেলপমেন্ট ফান্ড পুস্তিকায় এখানে।

সিটির মোট ভূমির 40 শতাংশেরও বেশি জমি, মোট জনসংখ্যার 40 শতাংশেরও বেশি জনসংখ্যা এবং মোট চাকরি ও ব্যবসার প্রায় 30 শতাংশ নিয়ে গঠিত বাফেলো সিটির ইস্ট সাইড বাফেলোর পুনঃপ্রতিষ্ঠাব্যাপী সিটির বাকি অংশের সাথে সম-অবস্থায় নেই। 2017 সালের জুলাইয়ে, গভর্নর কুওমো "বাফেলো আঞ্চলিক স্থিতিকরণ উদ্যোগে" 60 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছেন, বাকি 50 মিলিয়ন মার্কিন ডলারের বাণিজ্যিক করিডোরগুলো পুনঃপ্রতিষ্ঠার জন্য রেখেছেন। অন্যান্য সরকারি ও বেসরকারি অর্থায়নকারীদের সাথে কাজ করার মাধ্যমে তহবিলের উদ্দেশ্য হলো কমিউনিটির জন্য একটি নতুন এবং ঐক্যবদ্ধকারী কন্ঠ তৈরির জন্য সামগ্রিক ও টেকসই উদ্যোগ সৃষ্টি করা।

অতিরিক্ত তহবিলের বিবরণ:

বাফেলো নেইবারহুড স্ট্যাবিলাইজেশন ইনিশিয়েটিভ - নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি পুননবীকরণ (Homes and Community Renewal, HCR) দ্বারা 10 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা করা হচ্ছে এবং এইভাবে নিম্নোক্ত ব্যবহারের জন্য পুরস্কৃত করা হয়েছে:

- **হোমওনারশিপ অপর্চুনিটিজ প্রোগ্রাম** (2 মিলিয়ন মার্কিন ডলার) – সিটি অব বাফেলো কর্তৃক পরিচালিত হচ্ছে, এই কর্মসূচি 28টি সিটি-মালিকানাধীন কর্মসূচিতে অর্থ বিনিয়োগ করবে এবং পূর্ব পার্শ্বের সম্পত্তি খালি করবে। একবার নবায়ন করা হয়ে গেলে সিটি ESD কর্তৃক অনুমোদিত প্রক্রিয়ার মাধ্যমে বাড়িগুলি বিক্রয় করবে। কর্মসূচিটি চলমান রাখতে সম্পূর্ণ তহবিল শেষ না হওয়া পর্যন্ত বিক্রয়লব্ধ মুনাফা একটি চক্রাকারে চলমান তহবিলে বিনিয়োগ করা হবে। প্রধান লক্ষ্য হলো বাড়ির মালিকানা বৃদ্ধি করা এবং পার্শ্ববর্তী এলাকার ভারসাম্য ও প্রবৃদ্ধিতে অবদান রাখা।
- **আবাসন সংরক্ষণ** (1.4 মিলিয়ন মার্কিন ডলার) - কমিউনিটি ফাউন্ডেশন ফর গ্রেটার বাফালো (Community Foundation for Greater Buffalo) কর্তৃক এই প্রকল্প গ্রিন অ্যান্ড হেলদি হোমস ইনিশিয়েটিভ এর একটি অংশ যা বাড়িগুলোর স্বাস্থ্যবিষয়ক সমস্যাবলীর ক্ষেত্রে মধ্যস্থতা করছে এবং ইস্ট সাইডের বাড়িগুলোকে মজবুত করছে যা নিম্ন আয়ের পরিবারগুলোকে তাদের বাড়িতে থাকতে সক্ষম করছে।
- **কমিউনিটি নবায়ন ফান্ড (Community Restoration Fund)** (1 মিলিয়ন মার্কিন ডলার) – SONYMA কর্তৃক পরিচালিত এই কর্মসূচিটি ইস্ট সাইডের উপর মর্টগেজ ক্রয় করছে এবং বাড়ির মালিকদেরকে ফোরক্লোজার হ্রাস করতে বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করছে এবং বাড়ির মালিকদেরকে তাদের বাড়িতে থাকার সুযোগ দিচ্ছে।
- **হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি (Habitat for Humanity)** (120,000 মার্কিন ডলার) - হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি কর্তৃক ইস্ট সাইডে বাড়িসমূহ ক্রয় করার জন্য এই অর্থায়ন সাহায্য করবে যেগুলোকে সংস্কার করা হবে এবং পরিবারবর্গ সেগুলো কিনতে পারবেন।

সেন্ট্রাল টার্মিনাল রেস্টোরেশন (Central Terminal Restoration) - 5 মিলিয়ন মার্কিন ডলার সেন্ট্রাল টার্মিনাল রেস্টোরেশন কর্পোরেশনকে প্রদান করা হয়েছিল যাতে আইকনিক ঐতিহাসিক গঠণের অংশসমূহ নকশা ও সংস্কার করার কাজ শুরু করা যায়। ESCEDF এর মাধ্যমে অতিরিক্ত 400,000 মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে পার্শ্ববর্তী এলাকায় অর্থায়নের জন্য/সম্পত্তির মাস্টার প্ল্যানের জন্য এবং কম্পেনিয়ন নেইবারহুড অ্যাসেট ব্রডওয়ে মার্কেটের সাথে সম্ভাব্য সংযোগ পরীক্ষা করার জন্য।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, 50 মিলিয়ন মার্কিন ডলারের ইস্ট সাইড করিডোর ইকোনোমিক ডেভেলপমেন্ট ফান্ড বাফালো নেইবারহুডে চলমান অন্তর্ভূক্তিমূলক ও কৌশলগত বিনিয়োগসমূহের প্রতিনিধিত্ব করে যা এটির প্রবৃদ্ধি ও সংস্কারকে ত্বরান্বিত করছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority, NYPA) প্রেসিডেন্ট ও সিইও গিল সি. কুইনোস বলেন, "বাফালো এর ইস্ট সাইডের উন্নয়নে NYPA একটি শক্তিশালী সহায়ক হিসেবে কাজ করছে যা বেশ কয়েকটি স্থানীয় ব্যবসা ও প্রতিষ্ঠানকে কয়েক বছর অর্থনৈতিক উন্নয়ন বিনিয়োগের মাধ্যমে সহায়তা করছে। ESD সাথে সহযোগিতার ভিত্তিতে এবং গভর্নর কুওমোর নির্দেশনায় NYPA তার সহায়তার

ক্ষেত্রে প্রতিজ্ঞাবদ্ধ এবং এই গুরুত্বপূর্ণ কমিউনিটিতে বিনিয়োগের প্রসারের জন্য ভবিষ্যত সুযোগ সুবিধা অনুসন্ধান অব্যাহত রাখবে।"

কংগ্রেসম্যান ব্রায়ান হিনিগস বলেন, "ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিগত কয়েক বছরে প্রসংসনীয় অগ্রগতি অর্জন করেছে কিন্তু বাফালোকে তার পূর্ণ সম্ভাব্য সংস্কার অর্জন করতে হলে তাকে অবশ্যই আমাদের নেইবারহুডে পৌঁছাতে হবে। নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টার এ ফেডারেল বিনিয়োগ, ফিলমোর এভিনিউ এর অবকাঠামো ও জেফারসন এভিনিউ এর উন্নয়ন কার্যাবলীর সাথে সমন্বয় রেখে আজ গভর্নর কুওমো যে ঘোষণা দিয়েছেন তা ইস্ট সাইড সংস্কারে একটি রোমাঞ্চকর উত্থানের প্রতিনিধিত্ব করে।"

সিনেটর টিম কেনেডি বলেন, "বাফেলো এর ইস্ট সাইডে এই দশ মিলিয়ন ডলারের বিনিয়োগ আসলে সেটাই যা আমরা প্রত্যাশা করি। আমাদের কমিউনিটির বাণিজ্যিক করিডোরসমূহ জীবন্ত ও বৈচিত্র্যময় এবং সুনির্দিষ্ট প্রচেষ্টার মাধ্যমে আমরা আমাদের নেইবারহুড গড়ে তুলতে তাদের সত্যিকারের সম্ভাবনাকে উন্মুক্ত করা শুরু করতে পারবো যা বাফেলোকে বসবাসের ক্ষেত্রে আরও বেশি উপযুক্ত হিসেবে গড়ে তুলবে। বাফেলো বিলিয়ন। স্টেট বিনিয়োগসমূহকে স্থানীয় কমিউনিটিসমূহে লক্ষ্য স্থির করার মাধ্যমে অব্যাহতভাবে ডেভিডেন্ট প্রদান করতে থাকবে এবং আমি স্টেট এর বাজেটে এটি অন্তর্ভুক্ত করতে পেরে গর্বিত।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "গভর্নরের ইস্ট সাইড ইকোনোমিক ডেভেলপমেন্ট ফান্ডের আজকের সুবিধাভোগীদেরকে আমি স্বাগত জানাতে চাই। মিশিগান, জেফারসন, বেইলি এবং ফিলমোর এভিনিউ তাদের নবায়ন প্রচেষ্টায় সহায়তা হিসেবে 50 মিলিয়ন মার্কিন ডলার পাবে। দীর্ঘ সময়ের জন্য আটকে থাকা অবকাঠামো, মূলধন সংস্কার, ব্যবসায়িক উন্নয়ন, নতুন আবাসনের ক্ষেত্রে তহবিলসমূহ সহায়তা করবে এবং ফলশ্রুতিতে বাসিন্দাদের জন্য অর্থনৈতিক সুযোগসুবিধা সৃষ্টি করবে। আমি আমাদের বাণিজ্যিক করিডোরসমূহের শক্তিশালীকরণ ও রূপান্তর দেখতে চাই।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক পোলনকারজ বলেন, "দুর্ভাগ্যজনকভাবে বহু দশক ব্যবসায়িক ও সরকারি উভয় ধরনের বিনিয়োগ না হওয়ার ফলে বাফেলো এর ইস্ট সাইড অন্যান্য বৃহত্তর কমিউনিটির তুলনায় উল্লেখযোগ্যভাবে পিছিয়ে পড়ছে। শনাক্ত করার মতো এখনো অনেক ব্যাপারে থাকলেও আমি বিভিন্ন নেইবারহুড এবং প্রকল্পে 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার জন্য গভর্নর কুওমোর প্রশংসা করি কেননা এগুলো বাফেলো এর ইস্ট সাইডের মূল চাহিদাবলীর জন্য প্রয়োজনীয়। আশাব্যাঞ্জকভাবে ইস্ট সাইড করিডোর উন্নয়ন ফান্ড একটি ক্যাটালিস্ট হিসেবে কাজ করবে অতিরিক্ত বেসরকারি খাতের বিনিয়োগকে প্রসারিত করবে যা অতীতে ব্যর্থ হয়ে যাওয়া প্রচেষ্টাসমূহের মতো হবে না।"

বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন, "আমি খুবই কৃতজ্ঞ যে গভর্নর কুওমো সুনির্দিষ্ট অর্থায়ন হিসেবে 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ঘোষণা করেছেন যাতে ইস্ট সাইড করিডোর ইকোনোমিক ডেভেলপমেন্ট ফান্ডের মাধ্যমে বাফেলো এর ইস্ট সাইডের সংস্কারকে অব্যাহত রাখা যায়। এই তহবিলগুলি বাফেলো এর ইস্ট সাইডের অর্থনৈতিক পুনরুত্থানকে সমর্থন করবে, যা নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টার এর সাফল্যের দ্বারা এবং শহরটির একটি অঞ্চলে সেই সমভূমির বৃদ্ধি, যা বহু দশক ধরে সম্পদগুলির অনিয়মিত বরাদ্দ থেকে ভুগছে, সেটি সমর্থন করবে। এটি প্রতিটি নেইবারহুডের অগ্রগতিতে উল্লেখযোগ্যভাবে সহায়তা করবে।"

আজকের ঘোষণা নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টার (NWTC), নর্থল্যান্ড করিডোর এর অ্যাঙ্কর এ ঘোষিত হয়েছিল। একটি পারস্পরিক ওয়ার্কফোর্স উন্নয়ন উদ্যোগ হিসেবে NWTC নিয়োগকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ,

কমিউনিটি ও বিশ্বাস ভিত্তিক প্রতিষ্ঠানসমূহ ও স্টেট ও স্থানীয় সরকারের মধ্যকার একটি ইন্ডাস্ট্রি-চালিত সরকারি-বেসরকারি অংশীদারিত্ব। এটির লক্ষ্য হলো স্থানীয় শ্রমিক পুলের মধ্যকার দক্ষতার ঘাটতি বন্ধ করা এবং প্রশিক্ষণ, সহযোগিতা, ইন্টার্নশিপ, অ্যাপ্রেন্টাইসশিপ এবং উন্নত উৎপাদন ও এনার্জি ক্যারিয়ারের উপর স্থায়ী কর্মসংস্থানের জন্য ইকোনোমিক অন-র‍্যাম্প সৃষ্টি করা যেগুলো এই অঞ্চলের বর্তমান কর্মশক্তির সবচেয়ে পিছিয়ে পড়া লোকদের জন্য করা হবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মাধ্যমে নর্থল্যান্ড করিডোর রেডেভেলোপমেন্ট এরিয়া প্রোজেক্টে বৃহত্তর 127 মার্কিন ডলার বিনিয়োগের অংশ হিসেবে NWTC ফেসিলিটিতে 44.1 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির মাধ্যমে 15 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে। বাফেলো আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (Buffalo Urban Development Corporation, BUDC) (একটি সিটি অব বাফেলো এর পৃষ্ঠপোষকতাপ্রাপ্ত স্থানীয় উন্নয়ন সংস্থা) এর সাথে ESD এবং NYPA অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করছে যা প্রকল্পের জন্য এবং বৃহত্তর নর্থল্যান্ড প্রকল্পের জন্য একটি ডেভেলপার হিসেবে কাজ করছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন